

শাবি উপাচার্যের যোগদানের
ববরে ক্যাম্পাসে ফ্লোড,
লিয়াজো কমিটির
আন্দোলনের হুমকি

শাবি সংবাদদাতা ॥ শাহজালাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর এম শফিকুর রহমান দুটি শেষে আজ মঙ্গলবার কর্মস্থলে যোগদান করছেন- এ ববরে ছাত্র-শিক্ষক-কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে ফ্লোড ও অসন্তোষ সৃষ্টি হয়েছে। উপাচার্যবিরোধী শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী লিয়াজো কমিটি উপাচার্যের কর্মস্থলে যোগদানের পর থেকে পুনরায় অসহযোগ আন্দোলন শুরু করবে বলে হুমকি দিয়েছে। আন্দোলনের কর্মসূচী হুড়াত করতে আজই বিশ্ববিদ্যালয় অডিটোরিয়ামে এক কনভেনশন আহ্বান করা হয়েছে।

এদিকে ১৩ জুলাই থেকে সেমিস্টার ফাইনাল পরীক্ষা শুরু পূর্বসূত্রে উপাচার্য শফিকুর রহমানের কর্মস্থলে যোগদানের ববর এবং লিয়াজো কমিটির আন্দোলনের হুমকির ফলে বিশ্ববিদ্যালয় পরিষ্কৃতির অবনতির আশঙ্কা দেখা দিয়েছে। ফাইনাল পরীক্ষা নিয়ে দেখা দিয়েছে অনিশ্চয়তা।